

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১১.১৬- ৩৮৭

তারিখঃ ২০ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
০৩ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ মুরতুজা সরকার মানিক, পিতা- মৃত নায়েব উদ্দিন সরকার, গ্রাম-পশ্চিম কাঁটাবাড়ী, ডাকঘর- ফুলবাড়ী, উপজেলা- ফুলবাড়ী, জেলা- দিনাজপুর, ফুলবাড়ী পৌরসভার মেয়র; এবং


যেহেতু, আপনার বিরুদ্ধে ফুলবাড়ী থানার মামলা নং ৬, তারিখঃ ১৪/১২/২০১৪, সিএস নং- ১৪১, তারিখঃ ৩১/১০/২০১৫, জিআর-১৮৮/১৪ (ফুলবাড়ী) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আপনি জনাব মোঃ মুরতুজা সরকার মানিক, মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর'কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



( মোঃ আবদুর রউফ মিয়া )

উপ সচিব

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১১.১৬- ৩৮৭/২৮৮

তারিখঃ ২০ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
০৩ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ।
- ২। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ৩। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জনাব মোঃ মুরতুজা সরকার মানিক, মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত), ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর। তাঁকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর উপ-ধারা ৩১(২) অনুযায়ী আদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে প্যানেল মেয়র-০১ এর নিকট ফুলবাড়ী পৌরসভার মেয়র এর দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হইল।
- ৭। প্যানেল মেয়র-০১, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর'কে অনতিবিলম্বে মেয়র এর দায়িত্বভার গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



( মোঃ আবদুর রউফ মিয়া )

উপ সচিব